

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩

৫. কিতাবুল ঈমান (كتابُ الإيمان)

পরিচ্ছেদঃ যে হাদীসে মুসলিমদেরকে বৃক্ষের সাথে সাদৃশ্য দেওয়া হয়েছে, সে হাদীসের বিবরণ

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُشْبِهُ الْمُسْلِمِينَ مِنَ الْأَشْجَارِ

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ حَدَّثَنَا أَبُو عُمَرَ الضَّرِيرُ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُسْلِمٍ الْقَسْمَلِيُّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ أَبْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "مَنْ يُخْبِرُنِي عَنْ شَجَرَةٍ مَثَلُهَا مَثَلُ الْمُؤْمِنِ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ تُؤْتِي أَكْلَهَا كُلَّ حِينٍ بِإِذْنِ رَبِّهَا؟" قَالَ عَبْدُ اللَّهِ: فَأَرَدْتُ أَنْ أَقُولَ هِيَ النَّخْلَةُ فَمَنَعَنِي مَكَانُ أَبِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "هِيَ النَّخْلَةُ" فَذَكَرْتُ ذَلِكَ لِأَبِي فَقَالَ: لَوْ قُلْتَهَا كَانَ أَحَبَّ إِلَيَّ مِنْ كَذَا وَكَذَا أَحْسَبُهُ قَالَ: حَمْرَ النَّعْمَ.

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 243 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪৩. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিচয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমাকে কে বলবে এমন একটি বৃক্ষের কথা, যার দৃষ্টান্ত হলো মু’মিন ব্যক্তির ন্যায়, সেই বৃক্ষের মূল মজবুতভাবে প্রোথিত আর তার শাখাগুলো আসমানে (এর দিকে উথিত), এটি তার প্রতিপালকের অনুমতিতে সব সময় ফল দেয়?” আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন, আমি বলতে চেয়েছিলাম যে, এটি হলো খেজুর বৃক্ষ। কিন্তু আমার বাবার অবস্থানের কারণে তা বলতে পারিনি।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এটি হলো খেজুর বৃক্ষ।” পরে বিষয়টি আমার বাবাকে (উমার রাদিয়াল্লাহু আনহু) বললে, তিনি বলেন: “তুমি যদি তা বলতে তবে তা আমার জন্য এতো এতো সম্পদের চেয়েও প্রিয় হতো।” রাবী বলেন, আমার ধারণা তিনি বলেছেন: “লাল উষ্টী।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১২৩; সহীহ আল বুখারী: ১৩১; তিরমিয়ী: ২৮৬৭; ইবনু মান্দাহ: ১৮৮; হুমাইদী: ৬৭৭;  
সহীহ মুসলিম: ২৮১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৮৩২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88542>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন